সমকাল

22 SEP 2013

# তারা এখন ছাত্রদলে!

**সরকারের শেষ সময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সংগঠন ছেড়েছেন ছাত্রলীগের সক্রিয় অনেকে**

■ রাজবংশী রায়

ছাত্রলীগের রাজনীতিতে তারাই ছিল সবচেয়ে সক্রিয় কর্মী। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর বিভিন্ন গ্রুপ ও উপ-গ্রুপে ভাগ হয়ে দাপিয়ে বেড়াত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। ছাত্রী উত্ত্যক্ত থেকে শুরু করে শিক্ষক লাঞ্ছনা, সাংবাদিকদের মারধর ও নিজ দলের কর্মীদের মধ্যে সংঘর্ষের নেতৃত্বে তারাই ছিল অগ্রভাগে। চাঁদাবাজি-ছিনতাইসহ বিভিন্ন অপকর্মের নেতৃত্বও ছিল তাদের হাতে। এসব কর্মকাণ্ডের দায়ে সংগঠন এবং বিশ্ববিদ্যালয় থেকে কেউ কেউ বহিষ্কৃতও হয়েছে। অথচ সরকারের শেষ সময়ে তারাই এখন বনে গেছে ছাত্রদলের সক্রিয় কর্মী; ক্যাম্পাসে ছাত্রদলের পক্ষে প্রকাশ্যে শোডাউন থেকে শুরু করে মিছিল-মিটিংসহ দলীয় বিভিন্ন কর্মসূচিতে নিয়মিত অংশ নিচ্ছে তারা। কেউ কেউ বিশ্ববিদ্যালয় শাখা কমিটিতে পদও পেয়েছে। তবে ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম সমকালকে বলেন, 'বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী ছাত্রলীগের প্রকৃত কর্মীরা ছাত্রলীগেই আছেন। যাদের বিষয়ে এ ধরনের কথা আসছে, তারা সুযোগসন্ধানী। আগেও এমনটি ছিল, এখনও আছে। তারা ছাত্রলীগের কেউ নয়; অনুপ্রবেশকারী।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সূত্রগুলো দলবদলের কারণ হিসেবে জানায়, 'ক্ষমতার পালাবদল হতে পারে' – এই বিষয়টি মাথায় রেখে সুযোগসন্ধানী এসব কর্মী এখন ছাত্রদলে ভিড় করছে। আদর্শগত দিক নয়, ক্ষমতার কাছাকাছি থাকার আগ্রহই তাদের ছাত্রদলে সক্রিয় হওয়ার মূল কারণ।

আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগে কর্মীসংখ্যা হু-হু করে বাড়তে থাকে। বিশ্ববিদ্যালয় শাখার বিভিন্ন আঞ্চলিক নেতার হাত ধরে অন্য দলের কর্মীরা ছাত্রলীগে ভিড় করে। গ্রুপ ভারি করতে নেতারাও আঞ্চলিক ভিত্তিতে কর্মীদের দলে টানেন। ছাত্রলীগে যোগ দিয়ে এসব কর্মীই ক্যাম্পাসে অভ্যন্তরীণ সংঘর্ষ থেকে শুরু করে চাঁদাবাজি, টেন্ডারবাজি, ছিনতাই, ছাত্রী উত্ত্যক্ত করা ও শিক্ষক লাঞ্ছনার মতো ঘটনা ঘটিয়েছে। এসব কর্মকাণ্ডের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ১

## তারা এখন ছাত্রদলে!

[প্রথম পৃষ্ঠার পর]

দায়ে সংগঠন ও বিশ্ববিদ্যালয় থেকে কেউ কেউ বহিষ্কৃতও হয়েছে। ছাত্রলীগের এসব কর্মীর এহেন বিতর্কিত কর্মকাণ্ডের জন্য দল ও সরকারকে বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয়েছে। অথচ সরকারের শেষ সময়ে এসে এসব নেতাকর্মী এখন ছাত্রদলে সক্রিয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় : জহুরুল হক হলে একসময় ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন নয়ন। হল অভ্যন্তরে অন্তত পাঁচটি মারামারিতে প্রত্যক্ষ অংশগ্রহণ করেছেন তিনি। সাংবাদিক নির্যাতনের ঘটনায় গত বছর [illegible] সরকার ও রাজনীতি বিভাগের লিয়াস ও জাকারিয়া, ভূতত্ত্ব বিভাগের শামীম, বঙ্গবন্ধু হলের অর্থনীতি বিভাগের সাগর, মীর মশাররফ হোসেন হলের ফিন্যান্স ও ব্যাংকিং বিভাগের নাহিদ, মার্কেটিং বিভাগের শামীম, অর্থনীতি বিভাগের বেলায়েত, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের রুবেল, শহীদ সালাম-বরকত হলের ইতিহাস বিভাগের শরিফ, শহীদ রফিক-জব্বার হলের ছাত্রলীগ কর্মী মশিউর রহমান রোজেন, রাশিদুল হক লিয়াস ও শামীম হোসেন এখন ছাত্রদলে সক্রিয়।

এ অভিযোগ অস্বীকার করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা বলেন,


| | | |
|---|---|---|
| 20. | Name & Address of the office(s) | Address |
| | -Selling Tender Document (Principal) | Project Director & Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi |
| | -Selling Tender Document (Others) | Divisional Engineer/3, Bangladesh Railway, Kamalapur, Dhaka. |
| | -Receiving Tender Document | Project Director & Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi |
| | -Opening Tender Document | Project, Director & Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi |
| 21. | Place/Date/Time of Pre-Tender Meeting (Optional) | No Pre-Tender meeting will be held. |
| INFORMATION FOR TENDERER | | |
| 22. | Eligibility of Tenderer | As stated in the tender documents. |
| 23. | Brief Description of Works | Package-WD-6 : Supply, Installation, Testing and commissioning of Telecommunication system including supply of all materials, equipments/machineries, Labour & transportation cost, CD-VAT, LC opening & other port dues etc. including two years free operation & maintenance warranty in Turnkey basis. |
| 24. | Brief Description of Related Services : None. | |
| 25. | Price of Tender Document | Tk. 5000/- |

| 26. | Package No | Identification of Package | Location | Tender Security Amount | Completion Time in Months |
|---|---|---|---|---|---|
| | WD-6 | Package-WD-6 : Supply, Installation, Testing and commissioning of Telecommunication system including supply of all materials, equipments/machineries, Labour & transportation cost, CD-VAT, LC opening & other port dues etc. including two years free operation & maintenance warranty in Turnkey basis. | Pachuria-Faridpur-Bhanga Section | Tk. 14,00,000/- | 12 months |

| | | | |
|---|---|---|---|
| PROCURING ENTITY DETAILS | | | |
| 27. | Name of Official Inviting Tender | Qazi Md. Rafiqul Alam | |
| 28. | Designation of Official Inviting Tender | Project Director & Chief Engineer (West) | |
| 29. | Address of Official Inviting Tender | Bangladesh Railway, Rajshahi | |
| 30. | Contact details of Official Inviting Tender | 0721-761984 | Fax: 0721-761984 |
| 31. | The procuring entity reserves the right to reject all tenders. | | |

জনসংযোগ নং-3611, তারিখ : 16/9/13

PC-8293/13 (14"x3)

Qazi Md. Rafiqul Alam
Project Director
&
Chief Engineer (West)
Bangladesh Railway,
Rajshahi.